প্রথম আলো

তারিখ ... 03 MAY 2016 ...
পৃষ্ঠা ... কলাম ... ......

ভবেরচর ওয়াজীর আলী
বহুমুখী উচ্চবিদ্যালয়

# ৮০ বছর পূর্তিতে সাবেক-বর্তমানদের মিলনমেলা

মুন্সিগঞ্জ প্রতিনিধি ●

স্মৃতিচারণা, কৃতী শিক্ষার্থী সম্মাননা, বইয়ের মোড়ক উন্মোচন, সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে দিয়ে মুন্সিগঞ্জের গজারিয়া উপজেলার ভবেরচর ওয়াজীর আলী বহুমুখী উচ্চবিদ্যালয়ের ৮০ বছর পূর্তি উৎসব অনুষ্ঠিত হয়েছে গত শনিবার। উৎসবকে ঘিরে বিদ্যালয়প্রাঙ্গণ প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রীদের মিলনমেলায় পরিণত হয়।

বিদ্যালয় সূত্রে জানা যায়, ৮০ বছর উদ্‌যাপন কমিটির আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষাসচিব মো. সোহরাব হোসেইন। কমিটির সভাপতি উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরিচালক হাফিজ আহমেদের সভাপতিত্বে আলোচনায় অংশ নেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোহাম্মদ ফজলে আজিম, সাবেক আইজি (প্রিজন) লিয়াকত আলী খান, গজারিয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান রেফায়েত উল্লাহ খান, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মাহবুবা বিলকিস, ব্যবসায়ী নেতা মোশারফ হোসেন ঢালী প্রমুখ।

সকালে জাতীয় সংগীতের মধ্যে দিয়ে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র আলোকচিত্রী সাহাদাত পারভেজের লেখা 'একটি বিদ্যালয়ের বৃত্তান্ত' বইয়ের মোড়ক উন্মোচন করেন প্রধান অতিথি।